রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীব-জন্তুর মুখে প্রহার ও দাগ লাগাতে নিষেধ করেছেন।

ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সম্মুখ দিয়ে একটি গাধা গেল, যার মুখে দাগ লাগানো ছিল। তিনি বললেন, যে লোক এটিকে দাগ লাগিয়েছে, আল্লাহ তাকে লানত করুন।” মুসলিমের আরেক বর্ণনায় এসেছে, “রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীব-জন্তুর মুখে প্রহার ও দাগ
লাগানতে নিষেধ করেছেন।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

এ হাদীসে তার প্রতি কঠোর সাবধান বাণী উচ্চারণ করা হয়েছে যে, প্রাণির মুখে দাগ লাগায় ও মুখে প্রহার করে। আলিমগণ এ ধরণের কাজকে কবীরা গুনাহের অন্তর্ভুক্ত বলেছেন। তারা নিষেধাজ্ঞার কারণ বর্ণনায় বলেছেন, মুখ-মণ্ডল হচ্ছে যাবতীয় সৌন্দর্যের কেন্দ্র সূক্ষ্ম জায়গা। তার অঙ্গগুলো দ্বারা মানুষ অধিক অনুভূতি গ্রহণ করে, সুতরাং মুখে প্রহর সেটা বিনষ্ট ও হ্রাস করে দিতে পারে, কখনো চেহারা বিকৃত করে দিতে পারে, আর এতে বিকৃতিা খুব খারাপ। কারণ এটা প্রকাশ্য ও স্পষ্ট জায়গা যা ঢাকা সম্ভব নয়, আর তাতে আঘাত করলে ক্ষত হওয়ার সম্ভাবনাই বেশী।

https://sunnah.global/hadeeth/bn/show/8893